

বিধি প্রণয়নের ক্ষমতা

১১৪। এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, বিধি প্রণয়ন করিতে পারিবেন।

কতিপয় আইনের সংশোধনী

১১৫। তৃতীয় তফসিলের কলাম ২-এ উল্লিখিত আইনগুলি একই তফসিলের কলাম ৩-এ উল্লিখিতভাবে সংশোধন করা হইল।

রহিতকরণ ও হেফাজত

১১৬। (১) রাজশাহী মহানগরী পুলিশ অধ্যাদেশ, ১৯৯২ (১৯৯২ সনের ৪ নং অধ্যাদেশ) এতদদ্বারা রহিত করা হইল।

(২) অনুরূপ রহিতকরণ সত্ত্বেও রহিত অধ্যাদেশের অধীন কৃত কোন কাজ-কর্ম বা গৃহীত কোন ব্যবস্থা এই আইনের অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

প্রথম তফসিল

রাজশাহী মহানগরী এলাকা

(ধারা ২ (ড) দ্রষ্টব্য)

রাজশাহী জেলার নিম্নবর্ণিত থানাসমূহের সীমানার অন্তর্ভুক্ত এলাকা লইয়া রাজশাহী মহানগরী এলাকা গঠিত হইবে, যথা:-

- ১। রাজপাড়া থানা,
- ২। বোয়ালিয়া থানা
- ৩। মতিহার থানা,
- ৪। শাহমখদুম থানা।

দ্বিতীয় তফসিল

রাজশাহী মহানগর পুলিশের নিয়োগপত্র

(ধারা ৮ (৪) দ্রষ্টব্য)

জনাব..... যাঁহার ফটো এতদসংগে সংযুক্ত আছে, রাজশাহী মহানগর পুলিশের পদে নিযুক্ত হইয়াছেন এবং তাঁহাকে একজন পুলিশ কর্মকর্তার ক্ষমতা, দায়িত্ব ও সুযোগ-সুবিধা দেওয়া হইয়াছে।

সীলমোহর
রাজশাহী
তারিখ-

নিয়োগকারী কর্তৃপক্ষ

তৃতীয় তফসিল
(ধারা ১১৫ দ্রষ্টব্য)

ক্রমিক নং	আইনের নাম ও নম্বর	সংশোধনী
১।	General Clauses Act, 1897 (X of 1897)	Section 3 এর (ক) Clause (32a) এর “Khulna Metropolitan Area” শব্দগুলির পর “or রাজশাহী মহানগরী পুলিশ আইন, ১৯৯২ (১৯৯২ সনের ২৩ নং আইন) এর প্রথম তফসিলে বর্ণিত এলাকা” শব্দগুলি, কমাটি, সংখ্যাগুলি এবং বন্ধনীগুলি সংযোজিত হইবে, এবং (খ) clause (39a) এর “Ordinances” শব্দের পর or রাজশাহী মহানগরী পুলিশ আইন, ১৯৯২ (১৯৯২ সনের ২৩ নং আইন) এর অধীন নিযুক্ত পুলিশ কমিশনার এবং উক্ত আইনের অধীন নিযুক্ত অতিরিক্ত পুলিশ কমিশনার, উপ-পুলিশ কমিশনার ও সহকারী পুলিশ কমিশনার ইহার অন্তর্ভুক্ত হইবে” শব্দগুলি, কমাগুলি, সংখ্যাগুলি এবং বন্ধনীগুলি সংযোজিত হইবে।
২।	Ansars Act, 1948 (E.B. Act, VII of 1948)	Section 4 এর Sub-section (2) এর শেষে “or রাজশাহী মহানগরী পুলিশ আইন, ১৯৯২ (১৯৯২ সনের ২৩ নং আইন)” শব্দগুলি, কমাটি, এবং সংখ্যাগুলি সংযোজিত হইবে।